যুগান্তর

তারিখ 17. JUN. 2017
পৃষ্ঠা ১৮ কলাম ৩

# জাতীয় বিজ্ঞান মেলার দ্বিতীয় দিনে প্রথম বিজ্ঞান অলিম্পিয়াড

## আজ পুরস্কার বিতরণ

**যুগান্তর রিপোর্ট**

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে বিজ্ঞান মেলার দ্বিতীয় দিন শুক্রবার প্রথম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়। এতে সারা দেশের প্রায় দেড়শ' প্রতিযোগী অংশ নেয়। সকাল ৯টায় জুনিয়র গ্রুপ এবং ১১টায় সিনিয়র গ্রুপের প্রতিযোগীরা পরীক্ষায় অংশগ্রহণ করে। পরীক্ষা শেষে তাদের হাতে সনদপত্র তুলে দেয়া হয়। আজ সমাপনী দিবসে তাদের হাতে পুরস্কার তুলে দেবেন বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ইয়াফেস ওসমান।

জুনিয়র গ্রুপের ৫ বিজয়ী হল— মো. বখতিয়ার মাহবুব মুরাদ (এমসি কলেজ, সিলেট), রিফাত আহমেদ রুদ্র (কুমারখালী কলেজ, কুষ্টিয়া), মো. শাকিল রানা (সন্ধানী স্কুল অ্যান্ড কলেজ, মেহেরপুর), মো. আবু সায়েম (আফতাবউদ্দিন স্কুল অ্যান্ড কলেজ, কিশোরগঞ্জ) এবং রিমসা আনজুম কেয়া (ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, নীলফামারী)।

সিনিয়র গ্রুপের বিজয়ীরা হল— সৌমিক সরকার সজল (মহাদেবপুর সর্বসমঙ্গলা পাইলট উচ্চবিদ্যালয়, নওগাঁ), মো. আসিফ মোস্তফা (যশোর শিক্ষা বোর্ড স্কুল অ্যান্ড কলেজ), ফারিহা বিনতে ফুলজার (বগুড়া সরকারি বালিকা উচ্চবিদ্যালয়), আলিফ সানজানা রুম্মু (ফরিদপুর সরকারি বালিকা উচ্চবিদ্যালয়) এবং মো. ঈসা বিন মাকসুদ মিহান (বাংলাদেশ নৌবাহিনী স্কুল অ্যান্ড কলেজ, চট্টগ্রাম)। বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বৃহস্পতিবার জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ-২০১৭ ও তিনদিনের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলা উদ্বোধন করেন।